

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩৩.২৩০.২০১৪-৫৮৩

২৬ আশ্বিন, ১৪২৪
তারিখ : -----
১১ অক্টোবর, ২০১৭

প্রাপক : সচিব
জাতীয় ক্রীড়া পরিষদ
ঢাকা

বিষয় : ০৩ থেকে ১১ নভেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত রমনাস্থ জাতীয় টেনিস কমপ্লেক্স এবং ১৩ থেকে ১৮ নভেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত রাজশাহীতে আন্তর্জাতিক জুনিয়র র‍্যাংকিং টেনিস প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিদেশী টেনিস এসোসিয়েশনের খেলোয়াড়বৃন্দ ও কর্মকর্তাদের বাংলাদেশ সফরের সরকারী অনুমতি প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক টেনিস ফেডারেশন (আইটিএফ) এর অনুমোদনক্রমে ও বাংলাদেশ টেনিস ফেডারেশনের ব্যবস্থাপনায় ০৩ থেকে ১১ নভেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত ৩১তম বাংলাদেশ আন্তর্জাতিক জুনিয়র টেনিস প্রতিযোগিতা গ্রুপ-৫, ২০১৭ এর খেলা জাতীয় টেনিস কমপ্লেক্স, রমনা, ঢাকা এবং ১৩ থেকে ১৮ নভেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত রাজশাহীতে আন্তর্জাতিক জুনিয়র টেনিস প্রতিযোগিতা গ্রুপ-৫, ২০১৭ জাফর ইমাম টেনিস কমপ্লেক্স, রাজশাহীতে অনুষ্ঠিত হবে। উক্ত দুটি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আইটিএফ অধিভুক্ত ইউরোপ, আমেরিকা, অস্ট্রেলিয়া, আফ্রিকা ও এশিয়া-ওশেনিয়ার বাহাইকৃত টেনিস এসোসিয়েশনের ৫৮(আটান্ন)টি দেশের খেলোয়াড় ও কর্মকর্তাদের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ০৩ থেকে ১১ নভেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত জাতীয় টেনিস কমপ্লেক্স, রমনা, ঢাকা এবং ১৩ থেকে ১৮ নভেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত জাফর ইমাম টেনিস কমপ্লেক্স, রাজশাহীতে অনুষ্ঠিত আন্তর্জাতিক জুনিয়র র‍্যাংকিং টেনিস প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ সফরের নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো :

(ক) প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয়ভার স্পন্সরশীপের মাধ্যমে বাংলাদেশ টেনিস ফেডারেশন বহন করবে।

(খ) বিদেশী খেলোয়াড়/কর্মকর্তাদের নামের তালিকা সফরের পূর্বেই মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা এবং অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (এসবি), রাজারবাগ, ঢাকা এর নিকট প্রেরণ করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার অনুগত,

(মোঃ তৌফিক ইমাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৮৫৩১

নং-৩৪.০০.০০০০.০৭১.০৩৩.২৩০.২০১৪-৫৮৩

তারিখ : ১১-১০-২০১৭খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ০৩। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ ভবন, ঢাকা।
- ০৪। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। মহা-পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট, ঢাকা।
- ০৭। অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (এসবি), রাজারবাগ, ঢাকা।
- ০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১২। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১৩। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
- ১৪। প্রধান নিরাপত্তা কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১৫। সহকারী খেঁখামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব-সাইটে আপলোড এর জন্য)।
- ১৬। সাধারণ সম্পাদক, বাংলাদেশ টেনিস ফেডারেশন, ঢাকা।

(মোঃ তৌফিক ইমাম)
সিনিয়র সহকারী সচিব